



MEMORANDUM OF UNDERSTANDING

between

Bangladesh Accreditation Council, Bangladesh

And

the Accreditation Council for Education (ACE), Indonesia

The Accreditation Council for Education (ACE): ACE একটি স্বাধীন Accreditation প্রদানকারী সংস্থা যা ইন্দোনেশিয়ায় শিক্ষামূলক অধ্যয়ন প্রোগ্রামগুলিতে Accreditation পরিষেবা প্রদান করে।

Memorandum of Understanding (MoU): ২৫ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এবং ইন্দোনেশিয়ার Accreditation Council for Education (ACE) এর মধ্যে একটি Memorandum of Understanding (MoU) বা সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পক্ষে চেয়ারম্যান Professor Dr. Mesbahuddin Ahmed এবং ACE এর পক্ষে General Chairperson Professor Dr. Muchlas Samani (Indonesia) সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং কাউন্সিলের কার্যক্রম পরিচালনা ও আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন সহজতর হবে। স্বাক্ষরিত সমঝোতা স্মারকে সুনির্দিষ্টভাবে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে:

- উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মূল্যায়ন এবং স্বীকৃতির ক্ষেত্রে অভিজ্ঞতা ভাগ করে নেয়া।
- উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের গুণমান নিশ্চিতকরণে সহযোগিতা করা, অভিজ্ঞতা ও দক্ষতা ভাগ করে নেয়া এবং উচ্চ শিক্ষার স্বীকৃত ও উন্নত অনুশীলনগুলো ছড়িয়ে দেয়া।
- নিজ নিজ গুণমান নিশ্চিতকরণ এবং উন্নয়নের অংশগ্রহণের সুযোগ সৃষ্টিকরণ।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ প্রক্রিয়াগুলো পর্যবেক্ষণ করা।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সম্পর্কিত বিষয়ে তথ্য এবং মত বিনিময়।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সম্পর্কিত বিষয়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান।
- মূল্যায়ন এবং স্বীকৃতির ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন, নির্বাচিত কোয়ালিটি অ্যাসুরেন্স (কিউএ) প্রফেশনালস্ বিনিময় এবং তাঁদের প্রশিক্ষণ প্রদান।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক সম্মেলন/সেমিনার আয়োজনে সহায়তা প্রদান।